

আশুগঞ্জ সার কারখানা কলেজ

বার্ষিক পরীক্ষা- ২০২০ খ্রি:

শ্রেণিঃ একাদশ

বিষয়ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র

(সৃজনশীল প্রশ্ন)

সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমানঃ ৭০

[বিশেষ দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সকল প্রশ্নের উত্তর দাও।]

১। প্রাচীনকালে অনেকগুলো সভ্যতা বিভিন্ন নদীর তীরে গড়ে উঠেছিল এর মধ্যে এমন একটি সভ্যতা ছিল যেটি একটি সাগর ও একটি নদীর তীরে গড়ে উঠেছিল। এই সভ্যতার রাষ্ট্র ব্যবস্থা দুটো ভাগে বিভক্ত ছিল। একজন শাসক তা একত্রিত করলেন। যেখানে একটি বিশেষ লিখন পদ্ধতি ছিল। তাদের ধর্ম ব্যবস্থা ও ছিল উন্নত। বর্তমান সভ্যতায় তাদের অনেক আদান।

- ক) ইতিহাসের জনক কে? ১
- খ) জাজিরাতুল আরব কাকে কেন বলা হয়? ২
- গ) উদ্দীপকের বর্ণিত সভ্যতাটি পাঠ্যবইয়ের কোন সভ্যতার প্রতিনিধিত্ব করে ব্যাখ্যা কর। ৩
- ঘ) বর্তমান সভ্যতায় উক্ত সভ্যতার অনেক অবদান রয়েছে- সংক্ষিপ্ত বিবরণ দাও। ৪
- ২। সংঘর্ষ হলেই সমঝোতা বা সন্ধির প্রয়োজন হয় তবে কোন পক্ষ শক্তিশালী হলে সন্ধিতে তার প্রভাব পড়ে। তারপর ও সার্বিকভাবে যারা ন্যায় সঙ্গতে অবস্থানে থাকেন তারাই প্রকৃত জয়ী হন।

- ক) বদরের যুদ্ধ কতসালে সংঘটিত হয়? ১
- খ) খন্দকের যুদ্ধের নামকরণের কারণ কী? ২
- গ) কোন পক্ষ শক্তিশালী হলে সন্ধিতে যে প্রভাব পড়ে তা পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর।
- ৩
- ঘ) ফাতহুম মুবিন বলার সার্থকতা বিশ্লেষণ কর। ৪
- ৩। তালিকাটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও।

?	হযরত ওমর (রাঃ)	হযরত ওসমান (রাঃ)	হযরত আলী (রাঃ)
---	----------------	------------------	----------------

- ক) রিদা কথার অর্থ কী? ১
- খ) মজলিশ-উস-শূরা কী? ২
- গ) উদ্দীপকে “?” স্থানে নির্দেশিত খলিফা খিলাফতে আরোহন করে যে সব সমস্যার সম্মুখীন হয়েছিলেন তার বর্ণনা দাও। ৩
- ঘ) ইসলাম রক্ষায় উক্ত খলিফার ভূমিকা সংক্ষেপে আলোচনা কর। ৪

৪। একটি দেশের শাসন ব্যবস্থায় নিজস্বতার লক্ষণ হলো রাষ্ট্রের সামগ্রিক কর্মকাণ্ডে নিজস্ব সংস্কৃতির সম্মিলন। এ ক্ষেত্রে ভাষা, বর্ণমালা এবং মুদ্রার-বিশুদ্ধতা অপরিহার্য। এভাবেই জাতীয়তাবাদ সুদৃঢ় হয়।

ক) মাওয়ালী কারা? ১

খ) মুয়াবিয়াকে আরবদের প্রথম রাজা বলা হয় কেন? ২

গ) উদ্দীপকের শাসন সংস্কারের সাথে কোন উমাইয়া খলিফার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত খলিফাকে কি প্রকৃত প্রতিষ্ঠাতা বলা যায়? উত্তরের স্বপক্ষে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৫। মহসিন নামের একজন শাসকের প্রধান নীতি ছিল প্রজা পালন। তিনি রাজ্য বিস্তার অপেক্ষা রাজ্য শাসনকে অধিকগুরুত্ব দিতেন। শুধু তাই নয়, ধর্ম প্রচারের জন্য তিনি প্রজাদের নানান সুযোগ সুবিধা প্রদান করতেন। ফলে একসময় রাজকোষ শূণ্য হতে শুরু করে। উক্ত শাসক ই আবার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে রাজকোষ পূর্ণ করার ব্যবস্থা গ্রহণ করেন।

ক) আ: মালিক কে কেন রাজেন্দ্র বলা হয়? ১

খ) আল খলিফাতুস-সালিহ কাকে কেন বলা হত? ২

গ) উদ্দীপকের শাসকের কার্যাবলী কোন খলিফার কার্যাবলীর ইঙ্গিতে বহন করে ব্যাখ্যা কর। ৩

ঘ) রাজকোষ পূর্ণ করতে তিনি যেসব পদক্ষেপ গ্রহণ করেন তা সংক্ষেপে আলোচনা কর। ৪

৬। একটি কবিতা পড়া হবে তার জন্য অপেক্ষার উত্তেজনা নিয়ে লক্ষ লক্ষ উন্মত্ত, ব্যাকুল বিদ্রোহী শ্রোতা বসে আছে ভোর থেকে জনসমুদ্রের উদ্যান সৈকতে কখন আসবে কবি। কবি নির্মলেন্দু গুণের এই কবিতার অপেক্ষার মতোই মুসলিম বিশ্বের কোন এক মহাদেশের মানুষ একজন বিশেষ নেতার জন্য অপেক্ষা করছিল। অবশেষে অনেক ত্যাগ তিতিক্ষার পর নেতা সেখানে পৌঁছিলেন এবং জনতা ধন্য হল। উক্ত নেতা বিভিন্ন স্থানে প্রভুত্ব স্থাপনে ও অনেক কৃতিত্বের স্বাক্ষর রাখেন।

ক) হিসাবুল-জবর-ওয়াল মুকাবালাহ কী? ১

খ) খলিফা মামুনকে জ্ঞান বিজ্ঞানের পৃষ্ঠপোষক বলা হয় কেন? ২

গ) উদ্দীপকের কবি কোন শাসকের কথা মনে করিয়ে দেয়? তোমার পঠিত বিষয়ের আলোকে ব্যাখ্যা কর।

৩

ঘ) উক্ত নেতা বিভিন্ন স্থানে প্রভুত্ব স্থাপনে কৃতিত্বের যে ছাপ রাখেন তার একটি বর্ণনা দাও। ৪

৭। আব্দুল্লাহ তাজপুর জমিদার বংশের সন্তান। দীর্ঘ সংঘাতের পর রূপপুরের জমিদার তাজপুরের জমিদারী দখল করে নেয়। শুধু তাই নয় এ বংশের লোকদের যেখানে যেমন পাওয়া যাবে সেখানেই তাদের হত্যা করা হবে; এই রকম নৃশংস হত্যা কাণ্ড চালাই। তাই আব্দুল্লাহ পালিয়ে গিয়ে ভিনদেশে তার মাতুলালয়ে আশ্রয় নেয় এবং একটি শাসন ব্যবস্থা ও গড়ে তোলেন। শুধু তাই নয় রূপপুর জমিদার সেনাপতির মাধ্যমে তার রাজ্য আক্রমণ করার

যে পরিকল্পনা করেছিলেন তার উত্তর- আব্দুল্লাহ এমনভাবে দিয়েছিলেন যে জমিদার হতভম্ব হয়ে যান।

ক) স্পেন কখন মুসলমানদের অধিকারে আসে?

১

খ) গুপ্তঘাতক সম্প্রদায় কারা তাদের কাজ কী?

২

গ) উমাইয়া বংশের কোন ব্যক্তিকে উদ্দীপকের আলোকে বলা হয়েছে। পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর।

৩

ঘ) উক্ত শাসক তার প্রবল প্রতিদ্বন্দীদের যেভাবে মোকাবেলা করেন তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

৪